

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮ ফ্যাক্স : ০৮১-৭৬৪৩৮ ই-মেইল: comillaboard@gmail.com
website : www.comillaboard.gov.bd




নং: ৩১/২০১৮

তারিখ : ১৬ জুলাই ২০১৮

বিজ্ঞপ্তি

বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির ১০ জুলাই ২০১৮ তারিখের পত্র নং: আশিবো/প্রশাঃ/২০১০/৫১ মোতাবেক কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক কলেজের অধ্যক্ষ, স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ, এইচএসসি পরীক্ষা ২০১৮ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৮ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল আগামী ১৯ জুলাই ২০১৮ তারিখ বেলা ১.৩০ টায় প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত উপায়ে ফল সংগ্রহ এবং পুনঃনিরীক্ষণের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

১. বোর্ড হতে পরীক্ষার কোন ধরনের হার্ডকপি সরবরাহ করা হবে না। কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট www.comillaboard.gov.bd এর এইচএসসি কর্নারে এইচএসসি ২০১৮ (প্রতিষ্ঠান ভিত্তিক)-এ ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এন্ট্রি করে স্ব স্ব প্রতিষ্ঠান Result sheet download/Print করতে পারবে।
২. mail.educationboard.gov.bd ওয়েবসাইটে ক্লিক করে বোর্ড ও প্রতিষ্ঠানের EIIN এর মাধ্যমে প্রতিষ্ঠানভিত্তিক Result sheet print/download করতে পারবে।
৩. পরীক্ষার্থীদের পরীক্ষার ফল স্ব স্ব কেন্দ্র/শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহ করার পরামর্শ দেয়া হলো।
৪. পরীক্ষার্থীগণ সমন্বিত শিক্ষা বোর্ডসমূহের ওয়েবসাইট : www.educationboardresults.gov.bd এবং সংশ্লিষ্ট বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে পরীক্ষার ফল সংগ্রহ করতে পারবে।
৫. এ বোর্ডের আওতাধীন জেলাসমূহের জেলা/উপজেলাভিত্তিক প্রতিষ্ঠানসমূহের ফলের পরিসংখ্যান কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট www.comillaboard.gov.bd এর এইচএসসি কর্নারে ফল পরিসংখ্যানে ক্লিক করে প্রিন্ট করতে পারবে।
৬. উল্লেখ্য শিক্ষাবোর্ড, শিক্ষা মন্ত্রণালয় বা পত্রিকা অফিসে কোন পরীক্ষার ফলাফল পাওয়া যাবে না বা প্রকাশিত হবে না।
৭. ১৯ জুলাই ২০১৮ তারিখ বেলা ২.৩০টায় বোর্ড কর্তৃপক্ষ সাংবাদিকদের ফলের পরিসংখ্যান ব্রিফ করবেন।
স্থান: বোর্ডের কনফারেন্স রুম।
৮. পুনঃ নিরীক্ষণের জন্য SMS এর মাধ্যমে ২০ জুলাই ২০১৮ তারিখ থেকে ২৬ জুলাই ২০১৮ তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। আবেদন পদ্ধতি টেলিটক বাংলাদেশ লিঃ প্রদত্ত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।
৯. নির্ধারিত Short Code: 16222 এ SMS এর মাধ্যমে ফল প্রাপ্তির পদ্ধতি টেলিটক বাংলাদেশ লিঃ কর্তৃক প্রদত্ত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।


(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
কুমিল্লা


কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক কলেজ/স্কুল এন্ড কলেজের প্রধান
ও এইচএসসি পরীক্ষা-২০১৮ এর সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা

স্মারক নং : প-গো/ এইচএসসি/২০১৮/৬৭৯(৬)

তারিখ : ১৬ জুলাই ২০১৮ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্ম-সচিব (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়ীয়া/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর।
৪. উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৫. সভাপতি/সাধারণ সম্পাদক, কুমিল্লা প্রেস ক্লাব, কুমিল্লা।
৬. সংরক্ষণ নথি।


(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
কুমিল্লা